দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 16 JUL 1995...
পৃষ্ঠা ৫ কলাম ৮

৮৭

## থানা শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসারের যোগ্যতা

কিছুদিন আগে পিএসসি কর্তৃক 'থানা শিক্ষা অফিসার' এবং 'সহকারী থানা শিক্ষা অফিসার' পদে নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে দু'টি পদের জন্যই শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পদ দুটি মানের দিক থেকে ভিন্ন, অথচ দু'টি পদের জন্যই চাওয়া হয়েছে একই শিক্ষাগত যোগ্যতা। তাছাড়া বিজ্ঞপ্তিতে শিক্ষার ক্ষেত্রে কোন ডিগ্রীর কথা উল্লেখ নেই। এবারই প্রথম এ ধরনের শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে। 'শিক্ষা অফিসার' পদের জন্য ডিপ-ইন-এক বা বিএড ডিগ্রী থাকা প্রয়োজন। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য সর্বোচ্চ বয়স নির্ধারণ করা হয়েছে ৪৫ বছর। কিন্তু সরকারী প্রাথমিক শিক্ষকদের মধ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী পাওয়া কি সম্ভব?

এ অবস্থায় মাননীয় শিক্ষা মন্ত্রী ও সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন, এ বৈষম্যমূলক নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশোধনের নির্দেশ দিয়ে 'দক্ষ শিক্ষা অফিসার' নিয়োগের পথ প্রসারিত করুন।

**সনজিৎ কুমার দত্ত খোকন**
৪১৫ অক্টোবর স্মৃতি ভবন
জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।